

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০২

২৭ জানুয়ারি ২০২০
তারিখ:-----
১৩ মাঘ ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

শিডিউল অব চার্জেস এর তালিকা প্রদর্শন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ৩১ অক্টোবর ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-১৯/২০০৯ এর ০৩নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী শিডিউল অব চার্জেস এর পূর্ণ তালিকা স্ব স্ব ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহের দর্শনীয় স্থানে প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত সার্কুলারের ধারাবাহিকতায় ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে সঞ্চয়ী ও চলতি আমানত হিসাবের বিপরীতে Account Maintenance Fee হ্রাস করে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৯ জারি করা হয়।

৩। এক্ষণে, ব্যাংকের বিদ্যমান গ্রাহকসহ সম্ভাব্য গ্রাহকদের জ্ঞাতার্থে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ৩১ অক্টোবর ২০১৯ এ বর্ণিত বিভিন্ন হিসাব পরিচালনার জন্য Account Maintenance Fee সংক্রান্ত তথ্য আপনাদের ব্যাংকের প্রধান কার্যালয়, সকল শাখা, উপশাখা ও এজেন্ট ব্যাংকিং আউটলেটসমূহের নোটিশ বোর্ডে প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২